গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩৮৫.০০০.০৯.০০৫.১২-(৫৯৬) তারিখ- ০৪.১১.২০১৪ খ্রি.।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

সখিপুর উপজেলার সকল ইউনিয়ন পরিষদের ইউ.পি.চেয়ারম্যানদের আবেদনের প্রেক্ষিতে দফাদার ও মহল্লাদারদের শূন্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা-২০১১ ও ২৮ জুলাই ২০১৩ অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত সংশোধিত বাংলাদেশ গেজেটের স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৩ এর ৩(১) এর "ক" অনুযায়ী ০১ নং কাকড়াজান, ০২ নং বহেড়াতৈল, ০৩ নং গজারিয়া, ০৪ নং যাদবপুর, ০৬ নং কালিয়া এবং ০৭ নং দাড়িয়াপুর ইউনিয়ন পরিষদে দফাদার ও মহল্লাদার পদে নিয়োগ বিজ্ঞপ্তি ঃ

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের নাম | শূন্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | কাকড়াজান | ০২ নং ওয়ার্ড | মহল্লাদার = ০১ জন | মহল্লাদার = ০১ জন | |
| ০২ | বহেড়াতৈল | ০২ ও ০৯ নং ওয়ার্ড | দফাদার = ০১ জন<br>মহল্লাদার = ০১ জন | দফাদার = ০১ জন<br>মহল্লাদার = ০১ জন | |
| ০৩ | গজারিয়া | ০১, ০২, ০৩, ০৫, ০৮ ও ০৯ নং ওয়ার্ড | মহল্লাদার = ০৬ জন | মহল্লাদার = ০৬ জন | |
| ০৪ | যাদবপুর | ০১, ০৩, ০৫, ০৬ ও ০৮ নং ওয়ার্ড | মহল্লাদার = ০৫ জন | মহল্লাদার = ০৫ জন | |
| ০৫ | কালিয়া | ০২, ০৩, ০৬ ও ০৯ নং ওয়ার্ড | মহল্লাদার = ০৪ জন | মহল্লাদার = ০৪ জন | |
| ০৬ | দাড়িয়াপুর | ০১, ০২, ও ০৫ নং ওয়ার্ড | দফাদার = ০১ জন<br>মহল্লাদার = ০৩ জন | দফাদার = ০১ জন<br>মহল্লাদার = ০৩ জন | |

| ক্রমিক নং | পদের নাম | সর্বোচ্চ বয়স-সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা | বেতনক্রম ও প্রচলিত ভাতাদি |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| ০১ | দফাদার | ৩০ বৎসর। তবে মুক্তিযোদ্ধা সন্তানের বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে অথবা জিপিএ ২.০০ হইতে ৩.০০ এর কম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ইপ শাখার০৫.০৭.২০১০ খ্রি. তারিখের স্থাসবি/ ইপ/ বিবিধ-২৫/৯৯/৫৭২ নং স্মারকের পত্র অনুযায়ী ঃ<br>সরকারী অংশ = ১৩০০/-<br>ইউ.পি. অংশ = ৮০০/-<br>২১০০/- |
| ০২ | মহল্লাদার | ৩০ বৎসর। তবে মুক্তিযোদ্ধা সন্তানের বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণীতে উত্তীর্ণ। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ইপ শাখার০৫.০৭.২০১০ খ্রি. তারিখের স্থাসবি/ ইপ/ বিবিধ-২৫/৯৯/৫৭২ নং স্মারকের পত্র অনুযায়ী<br>সরকারী অংশ= ১১০০/-<br>ইউ.পি. অংশ = ৮০০/-<br>১৯০০/- |

## শর্তাবলী ঃ

০১। দফাদার পদের প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে এবং মহল্লাদার পদের প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ বয়স (১৮/১১/২০১৪ খ্রি. তারিখে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটায় প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে লিখতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ঃ

(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্রের সত্যায়িত কপি।

(খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্রের মূল কপি।

(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

(চ) যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল বরাবরে ৩০০/- টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার ।

(ছ) মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে জেলা প্রশাসক, টাঙ্গাইল কার্যালয়, টাঙ্গাইল এর ২৯/০৯/২০১৪ খ্রি. তারিখের ০৫.৩০.৯৩০০.০০৭.১৩.০০২.২০১৪-৬০৪(১২) নং স্মারকের পত্রের ৩ নং শর্ত অনুযায়ী জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪ তম সভার সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে জাতীয় তালিকা/লাল মুক্তিবার্তা তালিকা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/গেজেটভূক্ত মুক্তিযোদ্ধা পূষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভূক্ত হতে না পারলে তার চাকুরী বাতিল হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।

(জ) অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কতৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি।

০৪। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সংবলিত এবং অব্যবহৃত ১০.০০ টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম যুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

০৫। ছবি ও সনদ পত্রাদি সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।

০৬। প্রার্থীর বয়স ১৮/১১/২০১৪ তারিখে বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানের বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৭। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। এ ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নয় এবং অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৮। আবেদনপত্র আগামী ১৮/১১/২০১৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সরাসরি অথবা ডাকযোগে) দাখিল করতে হবে।

০৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

১০। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা-২০১১ এর

৪(১) অনুযায়ী বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

৪(২) অনুযায়ী কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

৪(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি-

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তি স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরুপ কোন দৈহিক বৈকল্যে ভূগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্বে কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে তদন্তের ফলে দেখা না যায় যে, পরিষদের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

৪(৪) অনুযায়ী নিয়োগদানের ক্ষেত্রে সরকারের জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশনাবলী যথাযথ পূরণ করা হইবে।
৪(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি-
(ক) উক্ত পদের জন্য পরিষদ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ;
(খ) সরকারী চাকুরী কিংবা কোন বিধিবদ্ধ সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দাখিল না করেন।

১১। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।
১২। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
১৩। পরবর্তীতে প্রার্থীদের স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

৪.১১.১৪
(মোহাম্মদ আবু নাসের বেগ)
আহবায়ক
ইউনিয়ন পরিষদ কর্মচারী নিয়োগ কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩৮৫.০০০.০৯.০০৫.১২- ৫৯৭ তারিখ- ০৪.১১.২০১৪ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
০৬। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
০৭। অফিস কপি।

৪.১১.১৪
উপজেলা নির্বাহী অফিসার
সখিপুর, টাঙ্গাইল।